কোটচাঁদপুরে গলায় ফাঁস দিয়ে যুবকের আত্মহত্যা

গলায় ওড়না পেঁচানো অবস্থায় রুবেল হোসেনের (৩০) লাশ উদ্ধার করেছে কোটচাঁদপুর থানা পুলিশ। তিনি কোটচাঁদপুর উপজেলার বড়বামনদহ গ্রামের আতিয়ার রহমানের ছেলে। শনিবার সকালে পুলিশ তার মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠিয়েছে।

পারিবারিক সূত্রে জানা যায়, রুবেল হোসেন দীর্ঘ ছয় মাস ধরে অসুস্থতায় ভুগছিলেন। চিকিৎসার পেছনে তিনি তার সঞ্চয়ের সবটুকু ব্যয় করেন। এরপরও অবস্থার কোনো উন্নতি না হওয়ায় শনিবার সকালে অসহ্য যন্ত্রণায় বাড়ির সবার অগোচরে নিজ ঘরের আড়ার সঙ্গে ওড়না দিয়ে গলায় ফাঁস দেন তিনি।

এ সময় তার পাশেই ব্যবহৃত মোবাইল ফোনটি বাজতে থাকে। কল রিসিভ না হওয়ায় মোবাইলে বারবার কল আসছিল। কিছুক্ষণ পর তার ছেলে বিষয়টি টের পেয়ে ঘরে দৌড়ে গিয়ে দেখতে পায়, তার পিতা আড়ার সঙ্গে ঝুলে আছেন। তখন সে চিৎকার করে কেঁদে উঠলে প্রতিবেশীরা ছুটে এসে তার ঝুলন্ত লাশ নামান।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে এসে লাশের সুরতহাল রিপোর্ট তৈরি করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠায়।

রুবেল হোসেন পেশায় দিনমজুর ছিলেন। এর আগে তিনি কোটচাঁদপুরের একটি ক্লিনিকে কিছুদিন নাইট গার্ড হিসেবে কাজ করতেন। তবে অসুস্থতার কারণে ওই কাজটি বন্ধ করে দেন।

কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) খন্দকার এনায়েত হোসেন বলেন, প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলে ধারণা করা হচ্ছে। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। রিপোর্ট পাওয়ার পর প্রকৃত ঘটনা জানা যাবে।

নানা আয়োজনে কোটচাঁদপুরে মহান বিজয় দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে নানা কর্মসূচির মধ্য দিয়ে মহান বিজয় দিবস পালিত হয়েছে। দিনটি উপলক্ষে উপজেলা প্রশাসন, বিভিন্ন রাজনৈতিক দল, শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনের পক্ষ থেকে নেওয়া হয় ব্যাপক প্রস্তুতি।

মঙ্গলবার সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের শুভ সূচনা করা হয়। এরপর সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে অবস্থিত উপজেলার কেন্দ্রীয় শহীদ মিনার ও স্থানীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বীর শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করা হয়।

সকাল ৮টায় কোটচাঁদপুর সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে জাতীয় পতাকা উত্তোলন এবং শান্তির প্রতীক পায়রা ও বেলুন উড়িয়ে দিনের মূল কর্মসূচির উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার এনামুল হাসান।

এসময় উপস্থিত ছিলেন কোটচাঁদপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদুউজ্জামান এবং উপজেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

এরপর পুলিশ, আনসার ও ভিডিপি, ফায়ার সার্ভিস, স্কাউটস, গার্লস গাইড এবং বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে বর্ণাঢ্য কুচকাওয়াজ প্রদর্শিত হয়। কুচকাওয়াজে সালাম গ্রহণ করেন উপজেলা নির্বাহী অফিসার এনামুল হাসান।

দুপুরে উপজেলা পরিষদ মিলনায়তনে বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা দেওয়া হয়। এসময় বক্তারা মহান মুক্তিযুদ্ধের তাৎপর্য তুলে ধরে নতুন প্রজন্মের কাছে সঠিক ইতিহাস পৌঁছে দেওয়ার আহ্বান জানান।

দিনের অন্যান্য কর্মসূচীর মধ্যে ছিল হাসপাতাল ও এতিমখানায় উন্নতমানের খাবার পরিবেশন, এবং বিভিন্ন ধর্মীয় উপাসনালয়ে দেশের শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত ও প্রার্থনা। সন্ধ্যায় স্থানীয় শিল্পীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক

অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বিজয় দিবস উপলক্ষে কোটচাঁদপুর শহরকে বর্ণিল আলোকসজ্জায় সজ্জিত করা হয়েছে, যা সাধারণ মানুষের মধ্যে উৎসবের আমেজ তৈরি করেছে।

কোটচাঁদপুর-তালসার সড়কে ৭৩ হাজার টাকা ছিনতাই

কোটচাঁদপুর-তালসার সড়কের পারলাট ব্রিজের সামনে ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। এ সময় এক কলেজছাত্রের কাছ থেকে ৭৩ হাজার টাকা ছিনিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে। ভুক্তভোগী কলেজছাত্র লাবিব পাল্লাট গ্রামের আব্দুর রবের ছেলে।

কলেজছাত্র লাবিব জানান, তিনি যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের ছাত্র। পাশাপাশি তিনি অনলাইনে কাজ করেন।

কিছুদিন আগে শখের মোবাইল ফোন বিক্রি করে ওই টাকা ব্যাংকে জমা রাখেন। সোমবার সন্ধ্যা ৬টার দিকে ব্যাংক বুথ থেকে টাকা তুলে বাইসাইকেলযোগে বাড়ি ফিরছিলেন তিনি। এ সময় কোটচাঁদপুর–তালসার সড়কের পারলাট ব্রিজের সামনে পৌঁছালে পেছন থেকে দুটি মোটরসাইকেলে এসে দুর্বৃত্তরা তার গতিরোধ করে।

তিনি আরও বলেন, দুর্বৃত্তরা তার কাছে টাকা দাবি করে। টাকা দিতে অস্বীকৃতি জানালে তাকে মারধর করে পাশের আখক্ষেতে নিয়ে গিয়ে ৭৩ হাজার টাকা ছিনিয়ে নিয়ে পালিয়ে যায়।

লাবিবের বাবা আব্দুর রব বলেন, সন্ধ্যা আনুমানিক ৬টা ২৬ মিনিটে তিনি ছেলের মোবাইলে একাধিকবার ফোন করেন, তবে সে সময় ছেলে ফোন ধরেনি। কিছুক্ষণ পর ছেলে ফোন করে ঘটনাটি জানায়। এরপর তিনি ঘটনাস্থলে গিয়ে ছেলেকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে তারা বাড়ি ফিরে আসেন। ছেলে অসুস্থ থাকায় তাৎক্ষণিকভাবে থানায় বিষয়টি

জানানো হয়নি।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদুজ্জামান বলেন, এ ধরনের কোনো ঘটনার বিষয়ে আমি অবগত নই। এখনো পর্যন্ত এ ঘটনায় কেউ কোনো অভিযোগ করেনি। তবে বিষয়টি খোঁজ নিয়ে দেখা হবে।

কোটচাঁদপুরের কিডনি রোগে ভবিষ্যৎ অনিশ্চিত সাহেব আলীর

পিতা কিডনি রোগে আক্রান্ত হওয়ায় ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে মেয়ে সানজিদা আক্তার ও ছেলে আরাফাত হোসেনের। গত ৬ মাসের চিকিৎসায় সঞ্চয়ের সবটুকু শেষ করে এখন সহায়তার জন্য গ্রাম-গঞ্জে ঘুরছেন সাহেব আলী-শাহনাজ দম্পতি। সামান্য সহায়তা পেলে ফিরে পেতে পারেন স্বাভাবিক জীবন। সব বুঝতে না পারলেও শিশু দুইটিও ঘুরছে পিতা-মাতার সঙ্গেই। ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার গালিমপুর গ্রামের বাসিন্দা এ দম্পতি।

জানা যায়, ফয়েজ উদ্দিনের ৫ ছেলে-মেয়ের মধ্যে সাহেব আলী সবার বড়। বয়স মাত্র ৩০ হলেও রোগে আক্রান্ত হয়ে চোখে-মুখে বয়সের ছাপ পড়েছে। প্রায় ৮ বছর আগে শাহনাজের সঙ্গে বিয়ে হয় তাঁর। সংসারে দুই সন্তান মেয়ে সানজিদা আক্তার (৫) ও ছেলে আরাফাত হোসেন (৩)।

দিনমজুরের কাজ করেই চলত তাদের সংসার। যা কিছু সঞ্চয় করেছিলেন, গত ৬ মাসের চিকিৎসায় সবই শেষ। এখন সংসার চলছে অন্যের সহায়তায়। থেমে গেছে সাহেব আলীর চিকিৎসা, থেমে গেছে শিশু দুইটির পড়াশোনা। সহায়তার আশায় পিতা-মাতার সঙ্গে গ্রাম-গঞ্জে ঘুরছে শিশুরাও। তারা জানে না পিতার অসুস্থতার কথা শুধু দেখছে পিতা একটানা মন খারাপ করে বসে থাকে। আগে যেভাবে খাবার বা নতুন জামাকাপড় এনে দিতেন, এখন আর তা পারেন না। এতে শিশুদের মনও খারাপ হয়ে থাকে।

সাহেব আলী বলেন, ৬ মাস হলো কিডনি রোগ ধরা পড়েছে। এরপর যশোর, ঢাকার ন্যাশনাল হাসপাতাল ও পিজিতে চিকিৎসা নিয়েছি। ৬ মাসে যা ছিল

সব শেষ হয়ে গেছে। এখন সপ্তাহে দুইবার ডায়ালাইসিস করতে হয়। খরচ ৮-১০ হাজার টাকা। ওপর থেকে স্ত্রী ও দুই সন্তান। আপনাদের সহায়তা পেলে হয়তো আবার জীবন ফিরে পেতে পারি, আমার সন্তানদেরও বাঁচার নিশ্চয়তা মিলতে পারে।

তাঁর পিতা ফয়েজ উদ্দিন বলেন, আমার ৫ ছেলে-মেয়ে। আবাদযোগ্য জমি নেই, শুধু বসতভিটা। যা সঞ্চয় ছিল সব তাঁর চিকিৎসায় খরচ হয়েছে। আপনাদের সহায়তায় আমার ছেলে স্বাভাবিক জীবনে ফিরে যেতে পারে, বাঁচবে তার সংসার।

উপজেলা সমাজসেবা কর্মকর্তা বশির আহম্মেদ বলেন, কিডনি রোগে আক্রান্ত ডায়ালাইসিস হওয়া রোগীদের জন্য এ অফিস থেকে এককালীন ৫০ হাজার টাকা সহায়তার ব্যবস্থা আছে। ভুক্তভোগীকে আবেদন করতে হবে। এরপর যাচাই-বাছাই করে ব্যবস্থা নেওয়া হবে।

কোটচাঁদপুরে ট্রাকের ধাক্কায় পুলিশ সদস্য নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে ট্রাকের ধাক্কায় আনিসুর রহমান (৪৫) নামে এক পুলিশ সদস্য নিহত হয়েছেন। মঙ্গলবার (০২ ডিসেম্বর) সকালে কোটচাঁদপুর তাল মিলের সামনের সড়কে এ দুর্ঘটনা ঘটে।

জানা যায়, নিহত আনিসুর রহমান কোটচাঁদপুর থানায় ওয়ারলেস অপারেটর হিসেবে কর্মরত ছিলেন। প্রতিদিনের মতো আজ সকালেও তিনি মোটরসাইকেলে মহেশপুর থেকে থানায় আসছিলেন। পথিমধ্যে তাল মিলের সামনে পৌঁছালে রাহাত-প্রান্ত নামের একটি ট্রাক পেছন দিক থেকে ধাক্কা দিলে তিনি গুরুতর আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পথে তিনি মারা যান। নিহত আনিসুর রহমান চুয়াডাঙ্গার দর্শনা রামনগর এলাকার মহিউদ্দিনের ছেলে।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক তানভির জামান বলেন, “ট্রাকের ধাক্কায় আহত পুলিশ সদস্যের মেরুদণ্ড ও পায়ে মারাত্মক

আঘাত লাগে। হাসপাতালে আনার আগেই তিনি মৃত্যুবরণ করেন।” নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য থানায় হস্তান্তর করা হয়েছে বলে জানান তিনি।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর বলেন, “আনিসুর রহমান থানায় কর্মরত ছিলেন। বাসা মহেশপুর হওয়ায় সেখান থেকেই আসা-যাওয়া করতেন। সকালে থানায় আসার পথে দুর্ঘটনায় তার মৃত্যু হয়েছে।” তিনি আরও জানান, ঘটনার পর ট্রাকটি আটক করা হয়েছে।

কোটচাঁদপুরে গলায় ওড়না পেঁচিয়ে যুবকের আত্মহত্যা

কোটচাঁদপুরে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেছেন সোহান (৩৫)। গতকাল রবিবার রাতে কোটচাঁদপুরের বলরামপুর গ্রামে এ ঘটনাটি ঘটে। তিনি ওই গ্রামের নজরুল ইসলামের ছেলে।

জানা যায়, বলরামপুর গ্রামের নজরুল ইসলামের ছেলে আমিনুর ইসলাম (সোহান) রবিবার রাতে খাবার খেয়ে বাড়ি থেকে বের হন।

এরপর বাড়ি থেকে প্রায় আধা কিলোমিটার দূরে গ্রামটির পূর্বপাড়ার একটি বাড়িতে গিয়ে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেন।

সোমবার সকালে স্থানীয়রা তাকে বাড়ির আড়ার সঙ্গে ঝুলন্ত অবস্থায় দেখতে পেয়ে পরিবারের সদস্যদের খবর দেন। পরে স্বজনরা ঘটনাস্থলে গিয়ে তার মৃতদেহ ঝুলতে দেখতে পান এবং বিষয়টি থানায় লিখিতভাবে জানান। পুলিশ ঘটনাস্থলে গিয়ে সুরতহাল প্রতিবেদন তৈরি করে মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

সোহান দুই সন্তানের জনক এবং পেশায় ডিশ লাইনের টেকনিশিয়ান ছিলেন। এর আগে তিনি আত্মহত্যার উদ্দেশ্যে বিষপান করেছিলেন, তবে সেবার তিনি বেঁচে যান। কিন্তু এবার গলায় ফাঁস দিয়ে তিনি না-ফেরার দেশে চলে গেলেন।

কোটচাঁদপুরের তালসার পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) তবিবুর রহমান বলেন, সোহানের বাড়ি বলরামপুর গ্রামের পূর্বপাড়ায়। তিনি বাড়ি থেকে আধা কিলোমিটার দূরে পশ্চিমপাড়ার একটি বাসায় গিয়ে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেছেন। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে সুরতহাল শেষে মৃতদেহ ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্ত রিপোর্ট হাতে পাওয়ার পর বিস্তারিত বলা সম্ভব হবে। এ ঘটনায় থানায় অপমৃত্যুর মামলা হয়েছে।

কোটচাঁদপুরে এক রাতে সাতটি গরু চুরি, দিশেহারা কৃষক

ঝিনাইদহের কোটচাঁদপুরে একই রাতে সংঘবদ্ধ চক্রের হাতে সাতটি গরু চুরির ঘটনা ঘটেছে।

গতকাল রবিবার গভীর রাতে পৌর এলাকার সলেমাপুর উত্তর পাড়ার কৃষক রমজান আলীর গোয়ালঘর ভেঙে পাঁচটি গরু চুরি করে নিয়ে যায় দুর্বৃত্তরা।

একই রাতে উপজেলার কাগমারী গ্রামের কালিতলা পাড়ায় রবিন হালদারের গোয়াল থেকেও দুটি গরু চুরি হয়। চুরি হওয়া সাতটি গরুর আনুমানিক বাজারমূল্য প্রায় সাত লাখ টাকা বলে জানা গেছে।

গরুগুলোই ছিল কৃষক দুই পরিবারের চাষাবাদের প্রধান অবলম্বন। এক রাতেই সব হারিয়ে তারা দিশেহারা হয়ে পড়েছেন।

এ ঘটনায় কোটচাঁদপুর মডেল থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। থানার অফিসার ইনচার্জ (ওসি) কবির হোসেন মাতুব্বর জানান, চোরচক্রকে গ্রেপ্তারের জন্য পুলিশের তৎপরতা অব্যাহত রয়েছে।

কোটচাঁদপুর জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ পালিত

“দেশীয় জাত আধুনিক প্রযুক্তি, প্রণিসম্পদে হবে উন্নতি”এই প্রতিপাদ্যকে সমনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ পালিত হয়েছে।

আজ বুধবার সকলে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল চত্বরে আলোচনা সভার আয়োজন করা হয়।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ জিল্লুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার কাজী আনিসুল ইসলাম। বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার জাহিদুল ইসলাম, সিনিয়র মৎস অফিসার দ্বীন ইসলাম, খামারী জান্নাতুল প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন উপসহকারী প্রাণিসম্পাদ কর্মকর্তা হারুন আর রশিদ।

জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ উপলক্ষে ভেটেরিনারি হাসপাতাল চত্বরে ৩০টি স্টল বসে। আগামী ২ ডিসেম্বর পর্যন্ত স্টলগুলোর প্রদর্শনী চলবে। স্টলগুলোতে দুধের তৈরি খাবার, দেশীয় জাতের হাঁস, মুরগী,গরু, ছাগল,মহিষ,বিড়াল,ভেটেরিনারি ওষাধ শোভা পায়। ২ ডিসেম্বর সমাপনী অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণের মধ্য দিয়ে মেলা শেষ হবে বলে জানান সংশ্লিষ্টরা।

কোটচাঁদপুরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

“আপনারা কি ভালো থাকতে চান? ভালো থাকতে চাইলে ধানের শীষ প্রতীকে ভোট দিন। বিনা ভোটের ফ্যাসিস্ট সরকারের ১৭ বছরে বিএনপি’র কোনো নেতাকর্মী ভালো ছিল না। ১৭ বছরের ভেতর বাড়িতে খেয়ে ৭ দিন ঘুমাতে পেরেছেন? আজ থেকে প্রতিজ্ঞা করে ভোটারদের

দ্বারে দ্বারে গিয়ে ধানের শীষের পক্ষে ভোট চাইতে হবে।”

আজ বুধবার পোস্ট অফিস মোড় মডেল স্কুল চত্বরে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির আয়োজনে ৭ই নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে সমাবেশ ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি অ্যাড. এম. এ. মজিদ।

তিনি আরও বলেন, “ঝিনাইদহ জেলার চারটি আসন বিএনপির ঘাঁটি। এই জনপদে যে উন্নয়ন হয়েছে, সব বিএনপির হাত দিয়েই হয়েছে। ঝিনাইদহ-৩ আসনের চারবারের এমপি ছিলেন শহিদুল ইসলাম মাস্টার। তার যোগ্য উত্তরসূরি মেহেদী হাসান রনিকে ধানের শীষ প্রতীক দিয়েছেন বিএনপি চেয়ারপারসন, সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়া। আমরা তাকে বিজয়ী করে প্রমাণ করে দেব এই এলাকার মাটি বিএনপির ঘাঁটি।”

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের ধানের শীষের প্রার্থী ও মহেশপুর উপজেলা বিএনপির সভাপতি মেহেদী হাসান রনি।

সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি ও এলাঙ্গী ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস. কে. এম. সালাহউদ্দিন বুলবুল সিডল এবং জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, জেলা বিএনপির সহ-সভাপতি অ্যাড. কামাল আজাদ পান্নু, জেলা বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, জেলা বিএনপির সহ-সভাপতি আবু বকর বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু, কেন্দ্রীয় কৃষক দলের সহ-সাধারণ সম্পাদক ইঞ্জিঃ মোমিনুর রহমান, কোটচাঁদপুর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন অর রশিদ, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু প্রমুখ।

এ সময় বিএনপি, যুবদল, ছাত্রদল, স্বেচ্ছাসেবক দল, কৃষক দল, শ্রমিক দলসহ সকল অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে অধ্যক্ষের অপসারণের দাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ মিছিল

একাধিক অভিযোগে কোটচাঁদপুর সরকারি খন্দকার মোশাররফ হোসেন কলেজের অধ্যক্ষের অপসারণের দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল, গণস্বাক্ষর, জুতা নিক্ষেপসহ বিভিন্ন কর্মসূচি পালন করেছেন সাধারণ শিক্ষার্থীরা। গতকাল মঙ্গলবার সকালে তারা এসব কর্মসূচি পালন করেন।

জানা যায়, কোটচাঁদপুর সরকারি খন্দকার মোশাররফ হোসেন কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. শেখ মো. আমানুল্যাহ। তিনি যোগদানের পর থেকেই তাঁর বিরুদ্ধে শিক্ষক, কর্মচারী ও সাধারণ শিক্ষার্থীদের নানা অভিযোগ ছিল। এসব অভিযোগ বারবার তাঁকে অবহিত করা হলেও তিনি কোনো প্রতিকারমূলক ব্যবস্থা নেননি। এ কারণে বেশ কিছুদিন ধরে ক্ষোভে ফুঁসছিলেন সাধারণ শিক্ষার্থীরা।

গতকাল মঙ্গলবার সকালে সেই ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটে। কলেজ খোলার সঙ্গে সঙ্গে অধ্যক্ষের অপসারণের দাবিতে শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল করেন। পাশাপাশি গণস্বাক্ষর গ্রহণ, অধ্যক্ষের নামের ওপর জুতা নিক্ষেপসহ একাধিক কর্মসূচি পালন করেন তারা। এসময় কলেজের শিক্ষকরা শিক্ষার্থীদের কথা শোনেন এবং সমাধানের আশ্বাস দিয়ে দুই দিনের সময় চান।

কলেজের ৪র্থ বর্ষের ছাত্র হাবিবুর রহমান বলেন, অধ্যক্ষ আমানুল্যাহ যোগদানের পর থেকে বিভিন্ন অনিয়ম করে আসছেন। তিনি ছিলেন শাহবাগী ব্লগার এ নিয়ে তিনি একটি বইও লিখে প্রকাশ করেছেন। তিনি কলেজের ছাত্রী ও ম্যাডামদের বোরখা নিয়ে কটূক্তি করেন, এমনকি নবী, বেগম খালেদা জিয়া ও তারেক রহমানকে নিয়েও মন্তব্য করেন। এসব বিষয়ে তাঁকে বারবার জানানো হলেও তিনি আচরণ পরিবর্তন করেননি। তাই আজকের আন্দোলন।

তিনি আরও বলেন, শিক্ষকরা আমাদের দাবির বিষয়ে আশ্বাস দিয়েছেন। দুই

দিনের মধ্যে ব্যবস্থা নেওয়ার কথা বলেছেন। দাবিপূরণ না হলে আন্দোলন চলবে।

এসময় কলেজের সাধারণ শিক্ষার্থী আলী হাসান, ফায়েজ আহম্মেদ, ইমন হোসেনসহ প্রায় ৫ শতাধিক শিক্ষার্থী বিক্ষোভে অংশ নেন। তাদের হাতে ছিল অধ্যক্ষকে অপসারণের প্ল্যাকার্ড, মুখে ছিল স্লোগান। স্লোগানে স্লোগানে মুখরিত হয়ে ওঠে কলেজ ক্যাম্পাস।

কলেজ শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক বলেন, অধ্যক্ষ বিবাহ প্রথায় বিশ্বাসী নন, বহু কামিতায় বিশ্বাসী এ নিয়ে প্রতিবাদ করেও কোনো ফল হয়নি। তিনি ছাত্রী ও ম্যাডামদের বোরখা নিয়ে কটূক্তি করতেন এবং বেগম খালেদা জিয়া ও তারেক রহমানকে নিয়েও মন্তব্য করতেন। শাহবাগ আন্দোলনের সময় তিনি ব্লগার ছিলেন এবং এ বিষয়ে একটি বই লিখে ২০২৪ সালে প্রকাশ করেন। এসব কারণে শিক্ষার্থীরা ক্ষুব্ধ ছিল। তারই বহিঃপ্রকাশ আজকের বিক্ষোভ।

তিনি আরও বলেন, অধ্যক্ষসহ তাঁর ঘনিষ্ঠ কয়েকজনের অপসারণের দাবিও শিক্ষার্থীরা তুলেছে। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে দুই দিনের সময় নেওয়া হয়েছে।

বিষয়টি নিয়ে কথা বলতে অধ্যক্ষ শেখ মো. আমানুল্যাহর সঙ্গে মোবাইলে যোগাযোগ করা হলেও ফোন বন্ধ থাকায় কথা বলা সম্ভব হয়নি।

ঝিনাইদহের জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ বলেন, আমি আজই যোগদান করেছি। বিষয়টি আমার জানা নেই। তারপরও খোঁজ নিয়ে দেখছি কী ঘটেছে।